# স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে তুচ্ছ-তাচ্ছিল্যের অভিযোগ বিরোধীদলীয় নেতার



সংসদ অধিবেশনে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। ছবি : বিটিভি থেকে নেওয়া

সংসদ অধিবেশন শুরুর পর থেকেই স্বরাষ্ট্রমন্ত্রী সংসদ সদস্যদের তুচ্ছ-তাচ্ছিল্য করে কথা বলে আসছেন বলে অভিযোগ করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের প্রথম দিনের প্রশ্নোত্তর পর্বে বক্তব্য দেওয়ার সময় তিনি এ অভিযোগ করেন। স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ অধিবেশনে সভাপতিত্ব করেন।

ডা. শফিকুর রহমান বলেন, স্বরাষ্ট্রমন্ত্রী নিজেকে সংসদের শিক্ষক হিসেবে উপস্থাপন করেছেন, কিন্তু বিরোধীদলীয় সদস্যরা তাঁর ছাত্র হতে সংসদে আসেননি। শিক্ষকতা করতে চাইলে বিশ্ববিদ্যালয় খুলে সেখানে তা করার পরামর্শ দেন তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যকে 'পার্লামেন্টারি ফ্যাসিজম' আখ্যা দিয়ে তিনি বলেন, সংসদের সৌন্দর্য বজায় রাখতে স্বরাষ্ট্রমন্ত্রীকে দুঃখ প্রকাশ করতে হবে এবং তাঁর বক্তব্য কার্যপ্রণালি থেকে বাদ দিতে হবে। তা না হলে অপমান সহ্য করে সংসদে বসার প্রশ্ন নেই বলেও মন্তব্য করেন তিনি।

পরে স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ বলেন, সংসদ জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলনের জায়গা। তবে সংসদ সদস্যদের মধ্যে ক্রমেই অসহিষ্ণুতা দেখা যাচ্ছে। একজন মন্ত্রীসহ প্রত্যেক সদস্যকে বক্তব্য শেষ করার সুযোগ দিতে হবে।

বিরোধীদলীয় নেতার অভিযোগ খতিয়ে দেখা হবে জানিয়ে স্পিকার বলেন, বক্তব্যে অসংসদীয় কিছু থাকলে তা কার্যপ্রণালি থেকে বাদ দেওয়া হবে। তবে কারও কথা বলার স্বাধীনতা হরণ করা যাবে না।

LENS ASIA